

(৪৩) **মুরগীর বাচ্চা**—কেবল ১ (এক) দিনের মুরগীর বাচ্চা (এইচ,এস, হেডিং ০১.০৫) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা:—

- (ক) আমদানিতব্য বাচ্চা সংক্রামক ব্যাধিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের পশু সার্জন বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে;
- (খ) রপ্তানিকারক দেশ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা মুক্ত এই মর্মে World Organization for Animal Health এর সার্টিফিকেট দাখিল করিতে হইবে;
- (গ) আমদানিকারককে অবশ্যই ঋণপত্র খোলার সময় তাহার হ্যাচারী বা ব্রীডার রহিয়াছে এই মর্মে পশুসম্পদ অধিদপ্তরের পরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন করিতে হইবে।

(৪৫) **হাঁস-মুরগী ও পাখির ডিম**—হাঁস-মুরগী ও পাখির ডিম (এইচ,এস, হেডিং ০৪.০৭ ও কোড নম্বর ০৪০৭.০০.০০) হাঁস-মুরগী ও পাখির ডিম বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিম্নলিখিত শর্তে আমদানি করা যাইবে, যথা:—

- (ক) Avian Influenza বা Bird Flu মুক্ত দেশ থেকে সীমিত আকারে ডিম আমদানি করিতে হইবে; এবং
- (খ) আমদানিকৃত ডিমের প্রতিটি চালানোর জন্য রপ্তানিকারক দেশের প্রাণিসর্বাধিকার বিভাগ/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Avian Influenza বা Bird Flu ভাইরাস মুক্তকর ব্যাকটেরিয়া মুক্ত মর্মে সনদ থাকিতে হইবে।

(৪৬) **গবাদিপশুর হিমায়িত সীমেন**—(এইচ,এস, হেডিং নম্বর ০৫.১১ এর এইচ,এস, কোড নম্বর ০৫১১.১০.০০) গবাদিপশুর হিমায়িত সীমেন ও এমব্রায়ো (Embryo), ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস; এএফএস, এএফএস ক্রস জাতীয় গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন) ব্যতীত অন্যান্য গরুর সীমেন আমদানি নিষিদ্ধ। তবে ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএফএস ক্রস, ব্রামাহ (Bramah), Murrah, Nilliravi এবং Mediteranean মহিষের জাতীয় গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন সীমেন), এমব্রায়ো (Embryo) আমদানি করা যাইবে।

(৪৭) **উপ-অনুচ্ছেদ (৪৬) এ উল্লিখিত সীমেনের জাত এবং উহা সংক্রামক ও যৌনব্যায়িক এবং রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE) মুক্ত এই মর্মে দেশের যথোপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।**

(৪৮) **ইথানল (ইথাইল এ্যালকোহল)**—ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার (আনডিনেচার্ড) ব্যতীত সকল পণ্য আমদানি নিষিদ্ধ :

তবে শর্ত থাকে যে, কেবল ইথানল (ইথাইল এ্যালকোহল) এনালার গ্রেড (আনডিনেচার্ড) স্বীকৃত ঔষধ শিল্প কর্তৃক ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমতি ও নির্ধারিত শর্ত সাপেক্ষে আমদানিযোগ্য।